



বনানী ডিওএইচএস পরিষদ BANANI DOHS PORISHOD

বিসমিল্লাহির রাহমানীর রাহীম

তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৬

প্রতি:

সম্মানিত বাসিন্দাগণ
বনানী ডিওএইচএস

বিষয়: বনানী ডিওএইচএস জামে মসজিদ এর অ্যানেক্স ভবন বানিজ্যিক অফিস হিসাবে ভাড়া প্রদানের জন্য প্রস্তাব আহ্বান প্রসঙ্গে

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহী ওয়া বারাকাতুল্লাহী

১। বনানী ডিওএইচএস জামে মসজিদ এর পার্শ্বে পরিষদের উদ্যোগে একটি জি+৭ আনেক্স ভবন নির্মাণাধীন রয়েছে। বনানী ডিওএইচএস পরিষদ এর সিদ্ধান্ত অনুযায়ী ভবনের ৫ (পাঁচ) বা ৬ (ছয়) টি ফ্লোর ভাড়া প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত ভবনের আয় হতে মসজিদের রক্ষণাবেক্ষণ ও আনুসঙ্গিক ব্যয়ভার পূরণ করা হবে। প্রতি ফ্লোরের আয়তন আনুমানিক ৩,০০০ (তিন হাজার) বর্গফুট। বনানী ডিওএইচএস পরিষদ কর্তৃপক্ষ অগ্রাধিকার ভিত্তিতে একটি স্বনামধন্য ও সুনামসম্পন্ন প্রতিষ্ঠানের নিকট সম্পূর্ণ ৫ বা ৬টি ফ্লোর একত্রে সম্পূর্ণ অথবা অর্ধেক অথবা আংশিক হিসাবে ভাড়া প্রদান করতে আগ্রহী। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান নিম্নলিখিতভাবে উল্লিখিত ফ্লোরগুলি ভাড়া গ্রহণ করতে পারবেন:

- ক। টাইপ- এ (আনুমানিক ৩০০০ বর্গফুট)।
- খ। টাইপ- বি (আনুমানিক ১৫০০ বর্গফুট)।
- গ। টাইপ- সি (আনুমানিক ১০০০ বর্গফুট)।

২। উল্লেখ্য যে, ভবনটি মসজিদ সংলগ্ন ও আবাসিক এলাকায় অবস্থিত। অতএব, ভাড়াটিয়া প্রতিষ্ঠানকে অবশ্যই মসজিদের পবিত্রতা, ধর্মীয় পরিবেশ ও এলাকার শান্তিপূর্ণ পরিবেশ যথাযথভাবে সংরক্ষণ ও সম্মান করার বিষয়ে অঙ্গীকারাবদ্ধ থাকতে হবে।

৩। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে আগামী ২৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে লিখিত প্রস্তাব সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ বরাবর জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। প্রস্তাবে নিম্নোক্ত তথ্যসমূহ উল্লেখ থাকতে হবে:

- ১। প্রতিষ্ঠানের নাম।
- ২। ব্যবসার ধরন ও উদ্দেশ্য।
- ৩। প্রয়োজনীয় মোট জায়গার পরিমাণ (বর্গফুটে)।
- ৪। প্রস্তাবিত ভাড়া (প্রতি বর্গফুট)।
- ৫। প্রস্তাবিত অগ্রিম অর্থের পরিমাণ।

৪। বনানী ডিওএইচএস পরিষদ কর্তৃপক্ষ প্রাপ্ত প্রস্তাবসমূহ যথাযথভাবে পর্যালোচনা করে যে কোনো প্রস্তাব গ্রহণ বা বাতিল করার পূর্ণ অধিকার সংরক্ষণ করেন।

৫। উল্লেখ্য যে, বনানী ডিওএইচএস পরিষদ ১৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের প্রেরিত পত্রটি বাতিল বলে গন্য করতে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

আলী বখতিয়ার মাহমুদ (মেহেদী)
ভারপ্রাপ্ত সেক্রেটারী
ও
ভাইস প্রেসিডেন্ট

Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananiidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.